পুজো পরিক্রমা
বীরভূম ১৪২০

যা দেবী সর্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা

সিউড়ি

সিউড়ি আনন্দপুর আদি সর্বজনীন: ৬৪ বছর। আভিজাত্য পূর্ণ পুজো। **জোনাকি:** ৪৭ বছর। ছোটা ভীমের থিম। **চৌরঙ্গী:** ৩৪ বছর। থিম সাগর সংসার। **বর্ণালী:** ৩৬ বছর। টেরাকোটার মন্দির। **যাত্রিক:** ২৫ বছর। ছৌ মুখোশের দেবদেবী। **স্বাধীন ভারত ক্লাব:** ৪৫ বছর। থিম ছোটা ভীম। **রবীন্দ্রপল্লি সর্বজনীন:** ৪৩ বছর। বিষ্ণুপুরের দশাবতার তাসের মণ্ডপ। **স্টেশন মোড় সর্বজনীন:** ৫৪ বছর। থিম শিশু শ্রমিক। **৬-এর পল্লি:** ৩ বছর। মধুবনী শিল্পের কারুকাজ। **বলাকা (সমন্বয় পল্লি):** ২৫ বছর। শোলার সাজে দেবদেবী। **আমোদপুর চৌরঙ্গীপাড়া সর্বজনীন:** আকর্ষণীয় প্রতিমা। **আমোদপুর গুরুপল্লি সর্বজনীন:** ডাকের সাজ। দশমীতে সাংস্কৃতিক অনুষ্ঠান। **কাগাস মুখোপাধ্যায় পরিবার:** পাকা কলা ও মাস কলাই বলি। **আমোদপুর বাবুপাড়া সর্বজনীন:** আকর্ষণীয় আলোকসজ্জা। **রাজনগরের জয়পুর সর্বজনীন:** মন্দিরের আদলে মণ্ডপ। **গাংমুড়ি সর্বজনীন:** প্রতিমা ও আলোকসজ্জা নজরকাড়া। **আদি শেহেরা সর্বজনীন:** ৭৪ বছর। থিম গ্রামীণ শিল্প এবং জীবন। **তিলপাড়া আদি সর্বজনীন:** ৭৭ বছর। সাবেকী প্রতিমা। **সনাতন পাড়া সর্বজনীন:** ৩৬ বছর। **সিউড়ি বারুইপাড়া সবুজ সঙ্ঘ:** ২৭ বছর। প্রতিমায় সাবেকিয়ানা। **সাজানোপল্লি সর্বজনীন:** ৬ বছর। সাবেকী প্রতিমা। প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠান। **মল্লিক পরিবার:** ৩০০ বছর। **বসাক পরিবার:** বাংলাদেশের রীতি মেনে পুজো হয়। **মালিপাড়া দে বাড়ি:** ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত ঘি এবং তেলের প্রদীপ জ্বলে মণ্ডপে। **রানিগ্রাম চট্টরাজ পরিবার:** প্রাচীন পুজো। **খুড়িগড় সর্বজনীন:** ছিমছাম মণ্ডপ ও প্রতিমা। **বেলেড়া গ্রামের দুর্গা:** শতাব্দী প্রাচীন পুজো। **সাঁইথিয়া ছত্রিপাড়া রায় পরিবার:** ৩৩২ বছর। ডাকের সাজ। **সাঁইথিয়া ছত্রিপাড়া সিংহ পরিবার:** প্রাচীন পুজো। **সাঁইথিয়া রথতলা পাড়ার ঠাকরুন তলা:** প্রাচীন পুজো। **রথতলা পাড়া বন্দ্যোপাধ্যায় পরিবার:** জমিদারি প্রথা মেনে চমক বহাল। **ছোট রথতলা পাড়া:** ডাকের সাজ। **বড় রথতলা পাড়া:** ডাকের সাজ। **রবীন্দ্রপল্লি:** ডাকের সাজের প্রতিমা। **যুবগোষ্ঠী ক্লাব:** স্থায়ী মণ্ডপ। **সোনালি ক্লাব:** প্রতিমা ও মণ্ডপ দর্শনীয়। **আগমণী ক্লাব:** দৃশ্য পটেই আকর্ষণ। **মনসাপল্লি ক্লাব:** ৫৭ বছর। সিংহ বাহিনী। **অগ্নিফৌজ ক্লাব:** ১৮ ফুট উচ্চতার দেবী মূর্তি। **ইয়ং টাউন ক্লাব:** সাবেকী প্রথায় পুজো। **মহম্মদবাজার বৈদ্যনাথপুর:** সপ্তমীতে রাজপুত ঘরানায় অস্ত্র ও ঘট-সহ নব পত্রিকা আনা ও বিসর্জন। **আঙ্গারগড়িয়া পাল ও চৌধুরী পরিবার:** নব পত্রিকার পুজো। **রঘুনাথপুর চৌধুরী পরিবার:** প্রাচীন পুজো। **রঘুনাথপুর সুত্রধর পরিবার:** প্রাচীন পুজো। **কাঁইজুলি ফ্রেন্ড ক্লাব:** ৩৫ বছর। দর্শনীয় আলোকসজ্জা। **মহম্মদবাজারের স্পোর্টিং ক্লাব:** আকর্ষণীয় মণ্ডপসজ্জা। **মহম্মদবাজার সংগঠন ক্লাব:** ২২ বছরের পুজতে থিম ছোটা ভীম। **মেঘদূত ক্লাব:** ৪৯ বছর। রাজবাড়ির আদলের মণ্ডপ। **বলাকা ক্লাব:** মণ্ডপ ও আলোকসজ্জা দর্শনীয়। **রাজনগর বড়বাজার সর্বজনীন:** সাবেক রীতির প্রতিমা। স্থায়ী মণ্ডপ। **রাজনগর খাসবাজার সর্বজনীন:** প্রতিমা ও মণ্ডপ দর্শনীয়। **রাজনগর গড়দরজা সর্বজনীন:** চমক আলোকসজ্জায়। **নাকাশ সর্বজনীন:** স্থায়ী মণ্ডপে দেবী আরাধনা। **তাঁতিপাড়া হাটতলা নবীন সঙ্ঘ:** জাঁকজমকপূর্ণ পুজো। **ধান্যখুনা তরুণ সঙ্ঘ:** নজরকাড়া প্রতিমা ও মণ্ডপ। **চণ্ডীনগর ফ্রেন্ডস ক্লাব:** দর্শনীয় মণ্ডপ ও প্রতিমা। **সম্মিলনী:** ২৬ বছরে পড়ল। **বক্রেশ্বর সর্বজনীন:** সুদৃশ্য মণ্ডপ ও প্রতিমা। **দুবরাজপুর উত্তরাঞ্চল:** শান্তিনিকেতন নন্দনমেলার আদলে মণ্ডপ। **দুবরাজপুর স্টেশনপাড়া:** মনোরম পরিবেশ মন ছুঁয়ে যায়। **দুবরাজপুর স্পোর্টস অ্যাসোসিয়েশন:** সাবেক রীতির ডাকসাজের প্রতিমা। **ইয়ুথ কর্ণার:** যামিনী রায়ের অঙ্কন শৈলীর আদলে মণ্ডপসজ্জা। **লালবাজার সর্বজনীন পল্লি উন্নয়ন সমিতি:** ৫৫ বছরে পড়ল। **অভয়ামন্দির:** শতাব্দী প্রাচীন পুজো। **কুলুপাড়া পল্লিশ্রীকেন্দ্র:** স্থায়ী মন্দির। **পথিকৃৎ:** ৬৫ বছর। **সংহতি:** তৈরি হয়েছে স্থায়ী দুর্গামন্দির। **সাতকেন্দুরী সর্বজনীন:** রুচিশীল মণ্ডপ ও প্রতিমা। **দুবরাজপুর ডাকবাংলো পাড়া ও দাসপাড়া সর্বজনীন:** একচালি সাবেক প্রতিমা। **নায়কপাড়া সর্বজনীন:** স্থায়ী মণ্ডপ। **ডাঙালতলা সর্বজনীন:** একচালি প্রতিমা। **তফসিলি আদিবাসী সমিতি:** ছিমছাম মণ্ডপ ও প্রতিমা। **হেতমপুর রাজবাড়ি:** ঐতিহ্যশালী পুজো। **হেতমপুর মুন্সীবাড়ি:** নিমকাঠের দুর্গা। **যশপুর সাহানাবাড়ি:** প্রাচীন পারিবারিক পুজো। **হেতমপুর কায়স্থপাড়া সর্বজনীন:** এক সময় পরিবারের পুজো ছিল। এখন সর্বজনীন। **পছিয়াড়া চক্রবর্তী পরিবার:** সাবেক রীতির প্রতিমা। **চিনপাই নেতাজি স্পোর্টিং:** সুদৃশ্য মণ্ডপ ও প্রতিমা। **চিনপাই প্রয়াস:** রুচিশীল মণ্ডপ ও প্রতিমা। **চিনপাই ফাইভ স্টার:** প্রতিমা ও মণ্ডপ দর্শনীয়। **বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের পুজো:** আকর্ষণীয় মূর্তি। **পারশুণ্ডি সর্বজনীন:** ছিমছাম মণ্ডপ ও প্রতিমা। **পারশুণ্ডি চক্রবর্তী পরিবার:** একদা পারিবারিক এই পুজো বর্তমানে গোটা গ্রামের। **বড়রা সর্বজনীন:** আতীতে ছিল পারিবারিক পুজো। **লাউবেড়িয়া গ্রামের মহামায়া:** খয়রাশোলের অন্যতম প্রাচীন পুজো। প্রতিমার বদলে রয়েছে শিলা মূর্তি। **খয়রাশোল অগ্রদাণী:** শতাব্দী প্রাচীন পুজো। **খয়রাশোল আমরা ক-জন ব্লক:** সবচেয়ে জাঁকজমকপূর্ণ পুজো। **লোকপুরের মহামায়া মন্দির:** সর্বজনীন পুজো। **পাথরকুচি গ্রামের সাতদুর্গা:** পাশাপাশি ৭টি মন্দিরে ৭টি দুর্গার পুজো। **ভাড্ডি সর্বজনীন:** স্থায়ী মন্দির।

রামপুরহাট

মাড়গ্রাম মাণ্ডব্য সমিতি: নিজস্ব পাকা দালান। **বেলুন গ্রামে মিত্রবাড়ি:** নবমীর দিন শতাধিক ছাগ বলি হয়। **গয়তা গ্রাম:** রাজা রাম রায়চৌধুরী প্রতিষ্ঠিত পুজো। **চাঁদপাড়া:** ১১টি পারিবারিক পুজো। **মল্লারপুর অগ্রণী সঙ্ঘ:** গ্রাম্য মেয়ে রূপে দুর্গা। **সুহৃদ সঙ্ঘ:** রাজবাড়ির আদলে মণ্ডপ। **রামপুরহাটের আটলা গ্রামে সরকারবাড়ি:** পারিবারিক পুজো। **খরুণ গ্রামে কর্মকারবাড়ি:** পাকা দালান। **পাথরকল পাড়ার অমরাবতী সঙ্ঘ:** সাধারণ মূর্তি। **পাইকর দাসবাড়ি:** মায়ের বাড়ি বলে পরিচিত। **পাইকর স্বামীজি সঙ্ঘ:** ৩৩ বছর। থিম একান্ন পিঠের দশ পিঠ। **মুরারই বাজার সার্বজনীন:** নিজস্ব পাকামন্দির। **ভাদিশ্বর সিংহবাহিনীতলা:** তিন পুতলা মূর্তি। **সোহড়া গ্রামে চট্টোপাধ্যায় বাড়ি:** শুধুমাত্র দুর্গার মুখ পটে এঁকে পুজো হয়। **কলহপুর গ্রাম:** মন্ত্রী চন্দ্রনাথ সিংহের বাড়ির পুজো। **চাকলামাঠ(বিদ্যাসাগরপল্লি):** মহিলা দ্বারা পরিচালিত। অষ্টম বর্ষ। **ডাকবাংলা পাড়া সর্বজনীন:** সাধারণ মণ্ডপ। **হরিজনপল্লি সর্বজনীন:** সাধারণ পুজো। **সারদাপল্লি:** নজরকাড়া আলোকসজ্জা। **হরিসভা নারায়ণ মন্দির(হরিসভা পাড়া):** মাটির সাজ। **চালধোয়ানী পাড়া:** পরিচালনায় দীনবন্ধু ক্লাব। **শিবমন্দির পুজা কমিটি (শিবতলা):** সাবেকী মূর্তি। **মিতালি সঙ্ঘ ব্যাঙ্করোড:** ৫০ বছর। **গণেশ মন্দির আমরা কজন:** সাবেকী মূর্তি। **তরুণের আহ্বান:** থিম কেরল। **বিবেকানন্দ রোড সর্বজনীন যুবকবৃন্দ:** সাধারণ মণ্ডপ। **হাটতলাপাড়া সর্বজনীন:** মূর্তি ১৫ ফুট। **সানঘাটাপাড়া সর্বজনীন:** মন্দিরের আদলে মণ্ডপ। **দশেরপল্লী:** রাজবাড়ির আদলে মণ্ডপ। **কামারপট্টি সর্বজনীন:** পাকা দালান। **দেশবন্ধু সর্বজনীন:** সাধারণ মূর্তি। **মহাজনপট্টি সর্বজনীন:** সমুদ্রগর্ভে মা। **রেলওয়ে আরজিপার্টি:** ডাকের সাজ। **নবীন ক্লাব:** থিম সুন্দরী বাংলা। **হাইরোড সর্বজনীন:** সাধারণ মণ্ডপ। **কাছারিপট্টি যুব সম্প্রদায়:** ৪৯ বছর। বাঁশের কেল্লার মণ্ডপ সজ্জায় থাকবে সুদৃশ্য কার্টুন। **আদ্যাশক্তি সঙ্ঘ:** শতাব্দী প্রাচীন। থিম বসুন্ধরা। **ভিকিরিবাঁধ সর্বজনীন:** ঘরোয়া পরিবেশে পুজো। **সংগ্রাম সঙ্ঘ(মাধুপুকুর দক্ষিণপাড়):** চতুর্থ বর্ষ। আদিবাসী পল্লির আদলে মণ্ডপ। **শ্যামবাটি যুব সমিতি:** ৩৯ বছর। সাবেকিয়ানা। **বাঁধগোড়া সর্বজনীন:** বিভিন্ন স্তরের মানুষের জন্য নানা প্রতিযোগিতা। **ত্রিশূলাপট্টি সর্বজনীন:** রাজস্থানের নাট্য মন্দিরের আদলে মণ্ডপ। **স্কুলবাগান সর্বজনীন:** ৬৭ বছর। মণ্ডপ জুড়ে রয়েছে পটচিত্র। **অগ্রগামী সঙ্ঘ:** ৪৯ বছর। শুঁড়িপাড়ার এই পুজোতে আবোল-তাবোল অবলম্বনে মণ্ডপ সজ্জা। **জামবুনি সর্বজনীন:** ৩০ বছরে পড়ল। পাহাড়ের মধ্যে দেবীর আরাধনা। **ভুবনডাঙা আদি সর্বজনীন:** সাবেকী প্রতিমা। ৬৯ বছর। **সর্পলেহনা দে পরিবার:** শতাব্দী প্রাচীন। **বিএসিএ মিশন কম্পাউন্ড:** বীরভূমের বাউল থিম নিয়ে মাদুর কাঠি ও তালপাতা দিয়ে পরিবেশ বান্ধব মণ্ডপসজ্জা। **অরবিন্দ সঙ্ঘ:** কার্টুন দিয়ে সাজানো মণ্ডপ। **দেবেন্দ্রগঞ্জ সর্বজনীন:** দোয়াত আকৃতির মণ্ডপে থাকছে শিক্ষা ও সংস্কৃতির থিম। **পশ্চিম গুরুপল্লি সর্বজনীন:** অষ্টম বর্ষে পড়ল। **হিরালীনী দুর্গোৎসব:** সোনাঝুরি জঙ্গলের মধ্যে প্রাকৃতিক ও মনোরম পরিবেশে দেবীর আরাধনা। আদিবাসীদের নানা অনুষ্ঠান। **সুরুল সরকার দুই বাড়ি:** প্রাচীন প্রথা ও রীতি মেনে পুজো। **কাঁকুটিয়া চৌধুরী পরিবার:** সাড়ে তিনশো বছরের প্রাচীন পুজো। নবাবি আমলের রীতি মেনে পুজো। **কোপাই বাণীচক্র ক্লাব:** ২৮ বছরে পড়ল। **কোপাই নেতাজি ক্লাব:** ৯ বছরে পড়ল। **আলবাঁধা ভূতগোষ্ঠী:** ২০০ বছরের প্রাচীন পারিবারিক পুজো। **কালুরায়পুর পূর্বপাড়া ঘোষ পরিবার:** প্রাচীন পুজো। **কোমরপুর রেলগেট:** ১৫ বছরে পড়ল। **দুমুরিয়া-পলাশডাঙা চণ্ডীমাতা ক্লাব:** শতাব্দী প্রাচীন পুজো। **সর্পলেহনা আর্য ক্লাব:** ৩৭ বছর। **নওডাঙাল যুবকল্যাণ সমিতি:** ষষ্ঠ বছর। আলোকসজ্জায় চমক। **ইলামবাজার নায়ক পরিবার:** ৩২৬ বছর। প্রাচীন প্রথা মেনে দেবীর আরাধনা। **ইলামবাজার দত্ত পরিবার:** ৪৫০ বছর। **ঘুড়িষা মুখোপাধ্যায় পরিবার:** ৩০০ বছরে পড়ল। **পায়ের ভট্টাচার্য পরিবার:** শতাব্দী প্রাচীন পুজো। **ইলামবাজার বাসস্ট্যান্ড:** প্রাচীন প্রথা মেনে পুজো। **পরিমল স্মৃতি সঙ্ঘ:** ২৫ বছর। **সুকবাজার সর্বজনীন:** প্রাচীন পুজো। **খয়েরবুনি সুভাষ সঙ্ঘ:** সাবেকী প্রতিমা। **নীলডাঙা সর্বজনীন:** প্রতিমায় সাবেকিয়ানা। **সোনারপল্লি সর্বজনীন:** ১২ বছর। **ভগবতী বাজার সর্বজনীন:** আকর্ষণীয় মণ্ডপসজ্জা। **নানুর ব্লকপট্টি আমরা ক'জন:** মন্দিরাকৃতি মণ্ডপ। সপ্তমী থেকে নবমী পর্যন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান। **নানুর বিশালাক্ষ্মী ভট্টাচার্য পরিবার:** জলঘড়ি থেকে সন্ধিপুজোর সময় নির্ধারণ। শুয়োর বলি দিয়ে ঘট ভরার প্রথা রয়েছে। **নানুর বাসস্ট্যান্ড সর্বজনীন:** ভিন্ন চালির আকর্ষণীয় প্রতিমা। নবমীতে মহোৎসব। **সাকুলিপুর যুব গোষ্ঠী:** ভিন্ন চালির প্রতিমা। **উচকরণ সাহাপাড়া:** স্থায়ী মণ্ডপে সোলার সাজের প্রতিমা। সপ্তমী থেকে দশমী যাত্রানুষ্ঠান। **কুমিড়া মিত্র পরিবার:** ১৫০ বছর। স্থায়ী মণ্ডপে একচালির প্রতিমা। **সাওতা মজুমদার পরিবার:** ২৫০ বছর। পটের প্রতিমা। **কীর্ণাহার মরসুমি ক্লাব:** মণ্ডপের ভিতরে ও বাহিরে নন্দলাল বসুর ছবির দৃশ্যায়ন। নৌকায় দেবীর মহারণ। **কীর্ণাহার মুক্তাঙ্গন:** কাগজে তৈরি প্রতিমা। মণ্ডপে ঝিনুক ও মাদুর কাঠির কাজ। **কীর্ণাহার পূর্বপট্টি সর্বজনীন পরিষদ:** মাদুর কাঠি ও থার্মোকলের আকর্ষণীয় মণ্ডপ। **কালীকাপুর মিশ্র বাড়ি:** ৪০০ বছরের প্রাচীন অষ্টধাতুর মূর্তি। **দাসকল গ্রাম সিংহ পরিবার:** মেঘবরণ সিংহবাহিনী মূর্তি। **মিরাটি মুখোপাধ্যায় বাড়ি:** রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের পরিবারের পুজো। চণ্ডীপাঠে অংশ নেন প্রণববাবু। **লাভপুর পল্লিসমাজ:** ঢোলকপুর রাজবারির আদলে নির্মিত মণ্ডপ। মণ্ডপের বাইরে মেলার দৃশ্যায়ন ও ছোটা ভীমের কার্টুন। **লাভপুর সাহাপাড়া সর্বজনীন:** মন্দিরাকৃতি সুউচ্চ মণ্ডপ। ৩৪ বছর। **ফুল্লরাতলা সর্বজনীন:** পাকা বাড়ির আদলে নির্মিত মণ্ডপ। নবমীতে সাংস্কৃতিক অনুষ্ঠান। **লাভপুর ষষ্ঠী নগর ইয়ং সোসাইটি:** বারানসীর রাজবাড়ির আদলে মণ্ডপ। **লাভপুর নামোসদর:** সাহিত্যিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বাড়ির পুজো। **ঘুড়িষা সর্বজনীন:** সম্পূর্ণ মাটির প্রতিমা। **জয়দেব ভাই-ভাই সর্বজনীন:** পুজোর চারদিনই সাংস্কৃতিক অনুষ্ঠান। **টিকরবেতা দাদাভাই সর্বজনীন:** ছিমছাম মণ্ডপ ও প্রতিমা।

বোলপুর

পরিক্রমায়: অরুণ মুখোপাধ্যায়, ভাস্করজ্যোতি মজুমদার, অর্ঘ্য ঘোষ, অপূর্ব চট্টোপাধ্যায়, দয়াল সেনগুপ্ত ও মহেন্দ্র জেনা। ছবি: তাপস বন্দ্যোপাধ্যায়।